গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৯.০৬.০৩২.১৯.৫৬০

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: <u>মাসিক (এপ্রিল/২০২১ মাসের) সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।</u>**

সচিব মহোদয়ের সভাপতিত্বে ১২ এপ্রিল ২০২১ তারিখে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

২। সভার গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৪ মে ২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**<u>সংযুক্তিঃ</u>** ০৪ পৃষ্ঠা।

১৩/৪/২০২১

(মোঃ জুলহাজ আলী সরকার)
সহকারী সচিব (সমন্বয়)
ফোন: ৯১৮০৭৭৮
ই-মেইল: julhaz.sarker@imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৯.০৬.০৩২.১৯.৫৬০

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

**<u>কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
২. প্রধান(অতিরিক্ত সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১,আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
৩. মহাপরিচালক(অতিরিক্ত সচিব) সিপিটিইউ, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
৪-১০. মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২/৩/৪/৫/৬/৭/৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
১১. উপসচিব/পরিচালক, সমন্বয় ও এমআইএস, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন), আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
১৩. মুহাম্মদ মশিউর রহমান, সিনিয়র প্রোগ্রামার,আইএমইডি, ঢাকা (কার্যবিবরণীটি আইএমইডি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইএমইডি, সেগুনবাগিচা, ঢাকা।

**<u>অবগতির জন্য অনুলিপি:</u>**

১. পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।

১৩/৪/২০২১

(মোঃ জুলহাজ আলী সরকার)
সহকারী সচিব (সমন্বয়)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

**বিষয় : বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের এপ্রিল ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : প্রদীপ রঞ্জন চক্রবর্তী
সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ : ১২/০৪/২০২১
সময় : বেলা ১২-০০ ঘটিকা
স্থান : ভার্চুয়াল সভা

ভার্চুয়াল সভায় সংযুক্ত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। কোভিড-১৯ সংক্রান্ত সকল স্বাস্থ্য বিধি মেনে এবং মাস্ক পরিধান নিশ্চিত করে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য তিনি পুনরায় সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। এরপর আলোচ্যসূচি মোতাবেক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/সেক্টর |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:** ২৪/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৪/০৩/২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | পরিচালক/উপসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর |
| ২. | **কোভিড সংক্রান্ত পরিস্থিতিতে সরকারি নির্দেশনা অনুসরণ:** মন্ত্রণালয়/বিভাগসমূহের ফেব্রুয়ারি ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত মাসিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত কতিপয় সুপারিশ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ গত ০৭.৪.২০২১ তারিখে নির্দেশনা প্রদান করেছে বলে সভাপতি জানান, এগুলো হচ্ছে : (১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আপামর জনগণের জীবনমান উন্নয়নের জন্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহিত জনকল্যাণমূলক কার্যক্রম নির্ধারিত সময়ে যথাযথ বাস্তবায়ন করতে হবে; (২) করোনার ২য় ওয়েভ মোকাবেলায় নো-মাস্ক নো-সার্ভিস স্লোগান বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং সকল উন্মুক্ত স্থানে উক্ত স্লোগান টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে; (৩)কোভিড-১৯ মহামারির ২য় ওয়েভ প্রতিরোধে স্বাস্থ্য বিধি মেনে জীবনযাত্রা নিশ্চিতকরণ এবং করোনা পরীক্ষার জন্য জনগণকে উদ্বুদ্ধ করতে জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তিনি আরো জানান, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার ১৮ দফা সিদ্ধান্ত গ্রহণ করেছে মর্মে প্রধানমন্ত্রীর কার্যালয় গত ২৯/৩/২০২১ তারিখে অবহিত করেছে এবং সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর হবে যা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে বলে জানিয়েছে। উক্ত | (১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের বিভিন্ন কর্মসূচি যেমনঃ বর্ণাঢ্য র‍্যালী আয়োজন, আলোচনা সভা অনুষ্ঠান, পায়রা ওড়ানো, রঙ্গিন বেলুন ওড়ানো ইত্যাদি কার্যক্রম পরিকল্পনা বিভাগের সাথে যৌথভাবে বাস্তবায়ন করা হয়েছে।<br>(২) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জনকল্যাণমূলক কার্যক্রমের অংশ হিসেবে গত ২৬/০৮/২০২০ তারিখে সরকারি ক্রয় সংক্রান্ত তথ্যাবলি সংবলিত সিটিজেন পোর্টাল (www.citizen.cptu.gov.bd) চালু করা হয়েছে।<br>(৩) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আইএমইডি'র উদ্যোগে ইতোমধ্যে সংগৃহিত বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত আলোক চিত্রের সমন্বয়ে ০১টি সংকলন প্রকাশ করতে হবে।<br>(৪) করোনার ২য় ওয়েভ মোকাবেলায় নো-মাস্ক নো-সার্ভিস স্লোগান সম্বলিত ড্রপডাউন ব্যানার সকল উন্মুক্ত স্থানে পুনরায় টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৫) আইএমইডি'র পক্ষ হতে বিভিন্ন ফোরামে দায়িত্ব পালনকালে স্বাস্থ্যবিধি মেনে চলা, করোনা টেস্ট করা, কোভিড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা ইত্যাদি বিষয়ে বক্তব্য তুলে ধরতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), মহাপরিচালক (সকল), উপসচিব/পরিচালক, সমন্বয় ও এমআইএস সেক্টর এবং সকল কর্মকর্তা ও কর্মচারী। |

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/সেক্টর |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলেও প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে। উক্ত ১৮ দফা নির্দেশনার মধ্যে যে সকল নির্দেশনা অত্র বিভাগের সাথে সংশ্লিষ্ট সেগুলো হচ্ছে, সকল ধরনের জনসমাবেশ সীমিত করতে হবে। উচ্চ সংক্রমনযুক্ত এলাকায় সকল ধরনের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে, জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে, অপ্রয়োজনীয় ঘোরাফেরা/আড্ডা বন্ধ করতে হবে, প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরনের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্য বিধি লংঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে, করোনায় আক্রান্ত/করোনার লক্ষনযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে, করোনায় আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেনটাইন নিশ্চিত করতে হবে, সরকারি অফিস ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে, গর্ভবতী/অসুস্থ/৫৫ বয়সের উর্ধ্বের কর্মকর্তা/কর্মচারী বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদন করবেন, সভা/সেমিনার/প্রশিক্ষণ/কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে, কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলক মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।<br>প্রসংগক্রমে সভাকে আরো জানানো হয় যে, কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করে মন্ত্রিপরিষদ বিভাগ গত ০৪.০৪.২০২১ তারিখে ১১ দফা নির্দেশনা জারি করে। উক্ত নির্দেশনা মেনে চলার জন্য ইতোমধ্যে সকল কর্মকর্তা/কর্মচারীকে বিস্তারিতভাবে অবহিত করা হয়েছে। | (৬) কোভিড-১৯ এর সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৪.০৪.২০২১ ও ০৭.০৪.২০২১ তারিখে জারিকৃত নির্দেশনা যথাযথভাবে মেনে চলতে হবে। | |
| ৩. | **<u>ফাস্ট ট্র্যাক প্রজেক্ট মনিটরিং কমিটির ৩য় সভার সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন:</u>**<br>মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিতে গত ০৭.০১.২০১৫ তারিখে অনুষ্ঠিত ফাস্ট ট্র্যাক প্রজেক্ট মনিটরিং সভায় পদ্মা বহুমুখী সেতু প্রকল্প, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প, ২X৬৬০ মেগাওয়াট মৈত্রি সুপার থার্মাল পাওয়ার প্রজেক্ট(রামপাল), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রকল্প (মেট্রোরেল), এলএনজি টার্মিনাল নির্মাণ প্রকল্প, গভীর সমুদ্র বন্দর, মাতারবাড়ি ২X৬০০ মেগাওয়াট আলট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্ট এর বিষয়ে আলোচনাকালে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:<br>ফাস্টট্র্যাকভুক্ত প্রকল্পসমূহ আইএমইডি কর্তৃক চার মাস অন্তর মনিটর করতে হবে এবং মনিটরিং রিপোর্ট মুখ্য সচিবের সভাপতিতে গঠিত ফাস্ট ট্র্যাক টাস্কফোর্স বরাবর প্রেরণ করতে হবে। | (১) ফাস্ট ট্র্যাক প্রজেক্ট মনিটরিং কমিটির ০৭.১.২০১৫ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে ফাস্ট ট্র্যাক প্রকল্পসমূহ নির্ধারিত সময় অন্তর মনিটর করতে হবে এবং মনিটরিং রিপোর্ট ফাস্ট ট্র্যাক টাস্ক ফোর্স বরাবরে প্রেরণ করতে হবে।<br>(২) টাস্ক ফোর্স এর সাথে যোগাযোগ অব্যাহত রেখে এ সংক্রান্ত আপডেটেড কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, সেক্টর ১/২/৭/৮ |

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/সেক্টর |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | ফাস্ট ট্র্যাক প্রজেক্ট মনিটরিং টাস্ক ফোর্স এর ১১/৪/২০২১ তারিখের ১৫তম সভায় উক্ত বিষয়ে আলোচনা হয়। এতে উল্লেখ করা হয় যে, উক্ত সিদ্ধান্তের আলোকে প্রথম দিকে আইএমইডি কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তবে সাম্প্রতিককালে উক্ত বিষয়ের কার্যক্রম কিছুটা মন্থর হয়ে পড়েছে। | | |
| ৪. | **<u>DIMAPP প্রজেক্ট-কে বিশ্বব্যাংক কর্তৃক ডিরেক্টর'স এ্যাওয়ার্ড প্রদান:</u>**<br>সভাপতি জানান যে, অত্র বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন DIMAPP প্রকল্পের ইতিবাচক কার্যক্রমের জন্য বিশ্বব্যাংক কর্তৃক প্রজেক্টটিকে ডিরেক্টরস এ্যাওয়ার্ড ফর মোস্ট ইনোভেটিভ, কোলেবরেটিভ এবং ইম্প্যাক্টফুল গভর্ন্যান্স গ্লোবাল প্র্যাকটিস অপারেশনস প্রদান করা হয়েছে। উক্ত কৃতিত্বের জন্য সভাপতি প্রকল্প পরিচালকসহ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | DIMAPP প্রকল্প কর্তৃক আলোচ্য এ্যাওয়ার্ড লাভ করায় সভায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | |
| ৫. | **<u>চলমান প্রকল্প পরিদর্শন :</u>**<br>এপিএ'র লক্ষ্যমাত্রার সাথে সংগতি রেখে ফাস্ট ট্র্যাকসহ অন্যান্য প্রকল্পের কাজ নিয়মিত পরিদর্শন করার বিষয়ে সভায় যথারীতি গুরুত্বারোপ করা হয়। পরিদর্শন প্রতিবেদনে বাস্তব চিত্র তুলে ধরা প্রয়োজন বলে সভাকে জানানো হয়। মার্চ ২০২১ মাসে ২৮২টি প্রকল্প পরিদর্শন করার লক্ষ্যমাত্রা ছিল; তার বিপরীতে ২৮২ টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে এবং ২৪২ টি প্রকল্পের প্রতিবেদন জারি করা হয়েছে। | (১) প্রকল্প পরিদর্শন করে বাস্তবভিত্তিক পর্যবেক্ষণ তুলে ধরতে হবে, কোন তথ্যের ঘাটতি থাকলে উদ্যোগী মন্ত্রণালয়/ বাস্তবায়নকারী সংস্থা/প্রকল্প কর্তৃপক্ষ থেকে তথ্য সংগ্রহ করতে হবে। পণ্য ক্রয়/কার্যক্রয়/ সেবা ক্রয় ইত্যাদি প্যাকেজ ভালভাবে পরীক্ষা করে দেখতে হবে। | মহাপরিচালক (সকল) |
| ৬. | **<u>পিসিআর:</u>**<br>জুন ২০২০ মাস পর্যন্ত সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৪৪৭ টি; যার মধ্যে ৩৫৩ টি পিসিআর পাওয়া গেছে এবং ২০৯ টি পিসিআর এর মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন জারি করা হয়েছে। | (১) পেন্ডিং পিসিআর প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(২) বর্তমানে মোট ১৪৪ টি পিসিআর মুল্যায়নের অপেক্ষায় পেন্ডিং আছে। এ সকল পিসিআর কত তারিখে রিসিভ হয়েছে, রিসিভ হওয়ার পর গৃহিত ব্যবস্থা ইত্যাদিসহ সেক্টরওয়ারি বিবরণ প্রস্তুত করে সমন্বয় শাখায় পেশ করতে হবে।<br>(৩) পিসিআর প্রাপ্তির পর বিভিন্ন তথ্য যাচাই করতে হবে এবং পাশাপাশি প্রকল্প এলাকাও ভিজিট করতে হবে। | মহাপরিচালক (সকল) |
| ৭. | **<u>৩য় পক্ষের মাধ্যমে নিবিড় পরিবীক্ষণ এবং প্রভাব মুল্যায়ন কাজ সম্পন্নকরণ :</u>**<br>চলতি বছর ২২ টি চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং ০৮ টি সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়নের কাজ হাতে নেয়া হয়েছে। বর্তমানে পরামর্শক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত ইনসেপশন রিপোর্টের উপর স্টিয়ারিং কমিটির সভা সম্পন্ন হয়েছে এবং বর্তমানে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। | (১) নির্বাচিত বেসরকারি ফার্মসমূহ কর্তৃক মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>(২) বিদ্যমান বাস্তবতায় মাঠ পর্যায়ে অনলাইন সভা আয়োজন করা যাবে। | মহাপরিচালক (সকল) |

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/সেক্টর |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৮. | **ইংনথি ব্যবস্থাপনা:**<br>আইএমইডি'তে মার্চ ২০২১ মাসে ৫৭০ টি নথি নিষ্পত্তি হয়েছে। তন্মধ্যে অফলাইনে ৪১৭ টি এবং অনলাইনে ১৫৩ টি নথি নিষ্পত্তি হয়েছে। | ই-নথির কার্যক্রম আরো সম্প্রসারণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), মহাপরিচালক (সকল) এবং উপসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর |

০২। পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২.৪.২০২১

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ